# উইল বা চরম পত্র

ঃঃ লিখিতং ঃঃ

শ্রীমতী পুষ্পরাণী দে

Admissible under rule [illegible]
and also u/s 5/1 of L R Act,
1995 duly stamped under
the Indian Stamp Act of 1899
Sec [illegible] statement
Act of 1986
Sch [illegible] No.
Fees Paid
Fee [illegible]

C-III-18/-

Addl. District Sub Regist[illegible]
Cossipore Dum Dum [illegible]

19 NOV 2009

--ঃঃ উইল বা চরমপত্র ঃঃ--

লিখিতং : শ্রীমতী পুষ্পরাণী দে স্বামী মৃত অনন্ত কুমার দে, বয়স ৭৫ বৎসর, জাতি- হিন্দু, পেশা- গৃহস্থালী, নাগরিকত্ব ভারতীয়, সাং- পি--৬৩, আনন্দ মোহন বসু রোড, থানা- দমদম, জেলা- উত্তর ২৪ পরগণা, কোলকাতা- ৭০০০৭৪ ৷৷

কস্য উইল বা চরমপত্র দলিল পত্র মিদং কার্য্যঞ্চাগে ঃ--

আমি বর্ত্তমানে বার্দ্ধক্যে পরিণত হইয়াছি, বার্ধক্যতা প্রযুক্ত প্রবশই কাতর হইয়া পরি। মনুষ্য জীবন অনিত্য ও ক্ষনভঙ্গুঁর, কখন কি হয় বলা যায় না । আমার এক কন্যা বর্ত্তমান, আমি নিজ উপার্জনে আমার নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি বিগত

J(1) 250.00
J 1" 200.00
450.00

Addl: District Sub-Registrar
Cossipore, Dum Dum, 24 Pgs. (N)
12/11/09

ইংরাজী ০৩.০৩.১৯৫৩ তারিখে কাশীপুর দমদম সাবরেজিষ্ট্রী অফিসের রেজিষ্ট্রীকৃত ২০০৯ নং সাফ্ কোবালা দলিল মূলে খরিদ করি এবং পরবর্ত্তীকালে উক্ত সম্পত্তিতে নিজ খরচায় পাকা তিন তলা গৃহাদী নির্ম্মাণ করিয়া বসবাস করিয়া আসেতে থাকাবস্থায় উক্ত সম্পত্তিতে বহুতল ইমারতবাটী নির্মান করিয়া কতকাংশ খাস দখলে রাখিয়া কতকাংশ সম্পত্তি বিভিন্ন ব্যাক্তির নিকট বিক্রয়ের চুক্তিতে ইংরাজী ১৭.০৮.২০০৯ তারিখে " মা জগদ্ধাত্রী কনষ্ট্রাকশান " পক্ষে অলোক মজুমদার মহাশয়ের সহিত চুক্তি আবদ্ধ হইয়াছি । উক্ত চুক্তিপত্র মোতাবেক আমার প্রাপ্য অংশের একটি সুষ্ট বিলি বন্দোবস্ত করিবার আবশ্যক হেতু অত্র উইল বা চরমপত্র লিখিয়া এইরূপ নির্দ্দেশ করিতেছি যে, আমার কন্যা শ্রীমতী সুনন্দা সিনহা বর্ত্তমান এবং আমার অপর দুই পুত্র ও এক কন্যা যথাক্রমে অশোক কুমার দে, অপু দে এবং বুলবুল সরকার পূর্বেই গত হইয়াছে ।

আমার কন্যা শ্রীমতী সুনন্দা সিনহা নিয়মিত আমাকে ভক্তি শ্রদ্ধা সহকারে সেবা যত্নাদি করিয়া আসিতেছে । তাহার ঐকান্তিক সেবা যত্নের আজও বাঁচিয়া আছি । তাই বহুদিন হইতেই আমার মনের একান্ত ইচ্ছা যে, আমি তাহার নাম বরাবর একখন্ড উইল করিয়া আমার নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি মধ্যে আমার প্রাপ্য অংশ তাহাকে প্রদান করিয়া যাই । মনের একান্ত ইচ্ছা থাকা স্বত্ত্বেও ইতিপূর্বে তাহা কার্য্যে পরিণত করিতে পারি নাই । এই জন্য আমিও তৃপ্তি পাইতেছিলাম না । সেমতে অদ্যকার তারিখে নিম্ন লিখিত সাক্ষীগণের উপস্থিতিতে স্বেচ্ছায় স্বচ্ছানে অত্র উইল বা চরম পত্র সম্পাদন স্বীকার ও অঙ্গীকার করিতেছি যে, নিম্ন তপশীলে বর্ণিত সম্পত্তি মধ্যে আমার প্রাপ্য সম্পত্তি সমূহ আমার মৃত্যুর পর আমার কন্যা শ্রীমতী সুনন্দা সিনহা অত্র উইল মূলে নির্ব্যূঢ় স্বত্ত্বে স্বত্ববতী ও মালিক দখলিকারিনী হইয়া ওয়ারেশান গণক্রমে দান, বিক্রয় বন্ধক সহ যাবতীয় ভোগ দখলের স্বত্তাধিকারিনী হইয়া যদৃচ্ছা ভোগ দখল করিবে ।

উষারানী দে

ইহাতে আর কোনও ওয়ারিশানগণ কোন ওজর আপত্তি দাবী দাওয়া করিতে পারিবে না, করিলেও তাহা সর্ব্বদা সর্ব আদালতে বাতিল ও অগ্রাহ্য হইবে ।

আমি ইতিপূর্বে আর কোন উইল করি নাই, ইহাই আমার প্রথম ও শেষ উইল । অত্র উইলে লিখিত কার্য্য সকল আমার জীবনান্তে বলবৎ ও ফলবৎ হইবে ।

অত্র উইলের একজিকিউটার হিসাবে আমার কন্যা শ্রীমতী সুনন্দা সিনহাকে রাখিলাম । সে আমার মৃত্যুর পর এককভাবে বিনা জামিনে উপযুক্ত আদালত হইতে প্রবেট লইতে পারিবে ।

এতদর্থে অত্র উইল পাঠ করাইয়া এবং নিজেও ইহা পাঠ করিয়া ইহা আমার কথামত ও নির্দেশমত লিপিবদ্ধ হইয়াছে বুঝিয়া উহার মর্ম ও ভাবী ফলাফল সম্যক ভালভাবে বুঝিয়া কাহারও কর্ত্তৃক কোন প্রকার উৎপীড়িত, প্ররোচিত ও প্রভাবিত না হইয়া পরন্ত আমার কন্যার হীতকামনায় ভবিষ্যতের কুটতর্ক নিরসনার্থে স্বেচ্ছায় সরল মনে সুস্থ শরীরে সুস্থ মস্তিস্কে উত্তম দেহ মনের অধীকারিনী থাকিয়া স্বজ্ঞানে স্বাক্ষীগণের মোকাবেলায় তাহাদের সম্মুখে অত্র উইল বা ইচ্ছা পত্রে সহি সম্পাদন করিলাম । ইতি সন ১৪১৬ সাল- ২রা অগ্রহায়ন ১৪ ইংরাজী ২০০৯ সাল- ১৮ নভেম্বর

প্রীতি দে

## ॥ স্থাবর সম্পত্তির তপশীল পরিচয় ॥

জেলা উত্তর ২৪ পরগণা থানা দমদম ও এ্যাডিসনাল ডিস্ট্রীক্ট সাবরেজিস্ট্রী অফিস মোং কাশীপুর দমদম সামিল সাউথ দমদম মিউনিসিপ্যালিটীর এলাকাধীন কলিকাতা পরগণাস্থিত মৌজা ঘটগাছি গ্রামের বর্ত্তমান মালেক মহামান্য পশ্চিমবঙ্গ রাজ্য সরকার পক্ষে উত্তর ২৪ পরগণার জেলা কালেক্টর বাহাদুর অধিকারে প্লট নং ৬৩, খতিয়ান নং ৭৮১, আর, এস, নম্বর ১৫৪, এবং

২৩২/২৩০ দুই শত বত্রিশের বাটা দুই শত ত্রিশ দাগস্থিত জমিমধ্যে কমবেশ ৪- ২- ৩৬´ চারি কাঠা দুই ছটাক ছত্রিশ স্কোয়ার ফুট জমির উপরোস্থ নির্ম্মিয়মান বহুতল ইমারতবাটীর মধ্যে আমার প্রাপ্য অংশানুসারে সম্পত্তি মায় যাবতীয় রাস্তার চলাচলের বর্ত্তস্বত্ব মায় কমন পার্টস ও পোর্সনের ব্যবহারের স্বত্ব সহ অত্র দলিলে উইলকৃত সম্পত্তি হইতেছে ।

।। যাহার ষোল আনার চৌহদ্দি ।।

উত্তর :- প্লান প্লট নং ৫৪ ।

দক্ষিণ :- ২০´ ফুট রাস্তা ।

পূর্ব্ব :- প্লান প্লট নং ১বি এবং ১এ ।

পশ্চিম :- প্লান প্লট নং ৬২ ।

ইসাদী :--

১) নমিতা মিত্র,
বি, এফ ৬/৫ দেশবন্ধুনগর
বাগুইআটি
কলকাতা - ৭০০০৫৯।

২) শ্রী প্রিয়ব্রত নারায়ন রায়,
২২২/৪, গোস্বামী পাড়া রোড,
শান্তিপল্লী, পোষ্ট - পানশিলা
কলকাতা - ৭০০১১০,

মুক্তা কামী দে

উইল দাত্রীর স্বাক্ষর

দলিল প্রস্তুত কারক :--

Diptendra nath Sen

শ্রী দীপ্তেন্দ্র নাথ সেন
"এ্যাডভোকেট"

টাইপ কারক :--

জয়া মল্লিক

জয়া মল্লিক,
কাশীপুর দমদম
সাব-রেজিস্ট্রী অফিস ।

**PAGE NO...............**

**SPECIMEN FORM FOR TEN FINGER PRINTS**

| SL. No. | Signature of the Executants/ Presentants | | | | | |
|---|---|---|---|---|---|---|
| |  পুষ্প রাণী দে | Little | Ring (Left Hand) | Middle (Left Hand) | Fore | Thumb |
| | | | | | | |
| | | Thumb | Fore (Right Hand) | Middle (Right Hand) | Ring | Little |
| | | | | | | |
| | | Little | Ring (Left Hand) | Middle (Left Hand) | Fore | Thumb |
| | | | | | | |
| | | Thumb | Fore (Right Hand) | Middle (Right Hand) | Ring | Little |
| | | | | | | |
| | | Little | Ring (Left Hand) | Middle (Left Hand) | Fore | Thumb |
| | | | | | | |
| | | Thumb | Fore (Right Hand) | Middle (Right Hand) | Ring | Little |
| | | | | | | |